



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
(সার ব্যবস্থাপনা বিভাগ)

পত্র নং ১২.০৬.০০০০.২৪২.৪০.০১৬.১৯- ২৩০০

তারিখঃ ২০ মার্চ ২০২০ খ্রিঃ।

বরাবর

যুগ্ম-পরিচালক (সার)

বিএডিসি, রংপুর/ বগুড়া/ চট্টগ্রাম/ জামালপুর।

বিষয়ঃ ফেব্রুয়ারি/ ২০২০ মাসের চাহিদার অতিরিক্ত হিসাবে বরাদ্দকৃত বিএডিসি'র আমদানিকৃত টিএসপি, ডিএপি ও এমওপি সার সরবরাহ প্রসঙ্গে।

সূত্রঃ সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়ের পত্র নং ১২.০০.০০০০.০৩০.৪০.২১০.২০-৭৫ তাং ২৭/০২/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে ফেব্রুয়ারি/২০২০ মাসের চাহিদার অতিরিক্ত হিসেবে জেলাওয়ারি বরাদ্দকৃত টিএসপি, ডিএপি ও এমওপি সার পত্রের নির্দেশনা অনুসারে (পরিশিষ্ট-ক) বিএডিসি'র নির্ধারিত গুদাম হতে সরবরাহের জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে, ভর্তুকির আওতায় টিএসপি সারের টনপ্রতি বিক্রয়মূল্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ডিএপি সারের টনপ্রতি বিক্রয়মূল্য ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা ও এমওপি সারের টনপ্রতি বিক্রয়মূল্য ১৩,০০০/- (তের হাজার) টাকা নির্ধারিত রয়েছে। বিএডিসি কর্তৃক আমদানিকৃত সার জেলা/ উপজেলায় নিয়োজিত বিসিআইসি সার ডিলার ও বিএডিসি'র বীজ ডিলার হতে নিবন্ধিত সার ডিলারদের মাধ্যমে বিক্রয়ের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করতে হবে :

- ১। কৃষি মন্ত্রণালয়ের জেলাওয়ারী সার বরাদ্দ ও ভর্তুকি প্রদানের নীতিমালা এবং "জেলা সার ও বীজ মনিটরিং কমিটি" কর্তৃক সংশ্লিষ্ট জেলার অনুমোদিত ডিলারভিত্তিক উপ-বরাদ্দ অনুযায়ী সার বিতরণ।
- ২। সংশ্লিষ্ট ব্যাংকের "বিএডিসি সার প্রাপ্তি হিসাব" শিরোনামে সারের মূল্য বাবদ অর্থ ডিডি/ পে-অর্ডারের যথার্থতা যাচাইয়ের মাধ্যমে বিধি মোতাবেক সার সরবরাহ।
- ৩। ডিলারভিত্তিক (নাম, ঠিকানা ও নিবন্ধন নং সহ) সার বিক্রয়ের পরিমাণ অনতিবিলম্বে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি সহ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাকে পত্র মারফত অবহিতকরণ।
- ৪। সার উত্তোলনকারী ডিলারগণকে তাদের ক্রয়কৃত সারের পরিমাণ ও পরিবহণ সংক্রান্ত আগমণী বার্তা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিক্রয়কেন্দ্র বরাবর দাখিলের জন্য নির্দেশনা প্রদান।
- ৫। কৃষি মন্ত্রণালয় প্রদত্ত নির্দেশনা ও বরাদ্দ অনুযায়ী ডিলারভিত্তিক সার উপ-বরাদ্দ নিশ্চিত করার প্রয়োজনে যুগ্ম-পরিচালক (সার) গণ সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর সাথে ব্যক্তিগত যোগাযোগ করবেন।
- ৬। বরাদ্দপ্রাপ্ত ডিলারগণ কর্তৃক তাদের অনুকূলে বরাদ্দকৃত সমুদয় সার উত্তোলন বিষয়ে নিশ্চিত বিধানকল্পে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে উপস্থাপন ও সিদ্ধান্ত গ্রহণের কার্যকরী পদক্ষেপ গ্রহণ।

অ.পৃ.দ্র.


২

৩

২৫

২০২০

দেশে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকার নির্ধারিত মূল্যে অনুমোদিত বিসিআইসি সার ডিলার ও বীজ ডিলার হতে নিবন্ধিত বিএডিসি সার ডিলারদের নিকট বিএডিসি'র আমদানিকৃত সার বিক্রয়পূর্বক কৃষক পর্যায়ে সহজলভ্যতা নিশ্চিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।



(মোঃ ফারুক জাহিদুল হক)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন-৯৫৫ ৪০১৬

ই-মেইলঃ gm.fert.badc@gmail.com

পত্র নং ১২.০৬.০০০০.২৪২.৪০.০১৬.১৯- ১৩০৫

তারিখঃ

১০ মার্চ ২০২০ খ্রিঃ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, গাইবান্ধা/ জয়পুরহাট/ চট্টগ্রাম/ জামালপুর।
০২. উপ-প্রধান, এফ. এম. এম. অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, গাইবান্ধা/ জয়পুরহাট/ চট্টগ্রাম/ জামালপুর।
০৪. মহা-পরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
০৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০৭. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৮. সহকারী পরিচালক (সার)/ উপ-সহকারী পরিচালক (সার), গাইবান্ধা/ শান্তাহার, বগুড়া/ দেওয়ানহাট, চট্টগ্রাম/ মেলান্দহ, জামালপুর।
০৯. দপ্তর কপি।



(মোঃ আবুল কালাম আজাদ)

ব্যবস্থাপক (বিক্রয়)

বিএডিসি, ঢাকা।


ফোন- ৯৫৫ ০৫৫৬


বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
(সার ব্যবস্থাপনা বিভাগ)


বিষয়ঃ ফেব্রুয়ারি/ ২০২০ মাসের চাহিদার অতিরিক্ত হিসাবে বরাদ্দকৃত বিএডিসি'র আমদানিকৃত টিএসপি, ডিএপি ও এমওপি সার বরাদ্দের তালিকা।


সূত্র : সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়ের পত্র নং ১২.০০.০০০০.০৩০.৪০.২১০.২০-৭৫
তাং ২৭/০২/২০২০ খ্রিঃ।

জেলা	মন্ত্রণালয়ের সার বরাদ্দ (মে. টন)			গুদামের নাম	বিএডিসি'র মাধ্যমে গুদামভিত্তিক সার বরাদ্দ (মে. টন)			মন্তব্য
	টিএসপি	ডিএপি	এমওপি		টিএসপি	ডিএপি	এমওপি	
গাইবান্ধা	০.০০	১০০০.০০	০.০০	গাইবান্ধা-১	০.০০	১০০০.০০	০.০০	
জয়পুরহাট	০.০০	১০০০.০০	০.০০	প্রি ফেব্রিকেটেড স্টিল গোডাউন, বগুড়া/ শান্তাহার	০.০০	১০০০.০০	০.০০	
চট্টগ্রাম (আনোয়ারা ও পটিয়া)	১০০০.০০	২০০.০০	১৫০.০০	দেওয়ানহাট-১/ টিজি-১,২	১০০০.০০	২০০.০০	১৫০.০০	
জামালপুর (দেওয়ানগঞ্জ)	০.০০	৫০০.০০	৬৫০.০০	মেলান্দহ, জামালপুর	০.০০	৫০০.০০	৬৫০.০০	
সর্বমোট	১,০০০.০০	২,৭০০.০০	৮০০.০০		১,০০০.০০	২,৭০০.০০	৮০০.০০	


(তৌহিদুজ্জামান)
সহকারী ব্যবস্থাপক (বিক্রয়)
বিএডিসি, ঢাকা।


(মোঃ মাসে-উল হক)
উপব্যবস্থাপক (বিক্রয়)
বিএডিসি, ঢাকা।


(মোঃ ফারুক কালাম আজাদ)
ব্যবস্থাপক (বিক্রয়)
বিএডিসি, ঢাকা।


(মোঃ ফারুক জাহিদুল হক)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি ঢাকা।